নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যৌক্তিক পর্য ায়ে রাখার লক্ষ্যে জেলা পর্য ায়ে গঠিত টাস্ক ফোর্স কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : মীর খায়রুল আলম
জেলা প্রশাসক
দিনাজপুর।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ : ১৭/০৯/২০১৭ খ্রি.
সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)

সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বি ক), দিনাজপুর গত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনান। গত সভার কার্য বিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় কার্য বিবরণীর সিদ্ধান্তসমূহ সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। গত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভাপতি জানতে চাইলে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বি ক), দিনাজপুর সভায় জানান যে, আগস্ট/১৭ মাসে অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইনে দিনাজপুর জেলায় কোন অভিযান পরিচালিত হয়নি।

সভায় নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজারমূল্য সহনীয় আছে কিনা জানতে চাইলে জেলা মার্কেটিং অফিসার, দিনাজপুর বলেন, বিগত দিনগুলোতে চালের মূল্যের উর্ধ্বগতি থাকলেও গত দুই দিনে চালের বাজার স্থিতিশীল রয়েছে। বাজারগুলো প্রায় ধান শূন্য। কেজিতে ধানের মূল্য ৪/৫ টাকা বেড়েছে। কোন কোন এলাকায় দাম বেশী পরিলক্ষিত হচ্ছে। আবার কোন কোন এলাকায় কম। এছাড়া অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্যের (যেমন: চাল, আটা, ময়দা, মশুর ডাল, খেসারি ডাল, সরিষার তেল, সয়াবিন তেল, পাম অয়েল, পিঁয়াজ, শুকনা মরিচ, রসুন, হলুদ, আদা, চিনি, লবণ, আলু, গরুর মাংস, ডিম ইত্যাদি) মূল্য সহনীয় রাখার জন্য জেলা সদরে এবং উপজেলায় নিয়মিত বাজার মনিটরিং করা হচ্ছে। পণ্যমূল্য স্থিতিশীল রয়েছে। উপজেলা পর্য ায়ে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় রাখার নিমিত্ত উপজেলা টাস্ক ফোর্স কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে।এ ছাড়াও অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ অনুসারে ওজনে কম এবং খাদ্যে ভেজাল মিশ্রণ প্রতিরোধে প্রতিনিয়ত বাজার পরিদর্শ ন করা হয়ে থাকে। অতঃপর জেলা মার্কেটিং অফিসার, দিনাজপুর নিত্য প্রয়োজনীয় দ্রব্যের খুচরা বাজার দরের বিবরণ আলোচনার জন্য সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ:

পণ্যের নাম	মাপের একক	১৪ ২০১৭/০৯/ তারিখের গড় মূল্য	১ সপ্তাহ পূর্বে র গড় মূল্য ০৭২০১৭/০৯/	সাপ্তাহিক মূল্যের হ্রাসবৃদ্ধির শতকরা / হার	১ মাস পূর্বে র গড় মূল্য ১৩২০১৭/০৮/	মাসিক মূল্যের হ্রাসবৃদ্ধির শতকরা / হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
চাল সরুমিনিকেট-	প্রতি কেজি	৬০০০.	৫৭০০.	৫ (+)% ২৬.	৫২০০.	১৫(+)% ৩৮.
চালবোরো-মাঝারী-	প্রতি কেজি	৫৪০০.	৫০০০.	(+)% ০০.৮	৪৮০০.	১২(+)% ৫০.
চালহাইব্রিড-মোটা-	প্রতি কেজি	৪৪০০.	৪২০০.	৪ (+)% ৭৬.	৪০০০.	১০(+)% ০০.
আটা(সাদা) লুজ-	প্রতি কেজি	২৯০০.	২৯০০.	০ % ০০.	২৫০০.	১৬(+)% ০০.
ময়দা	প্রতি কেজি	৩৬০০.	৩৬০০.	০% ০০.	৩৩০০.	৯(+)% ০৯.
মশুর ডাল দেশী(উঃ)	প্রতি কেজি	১১০০০.	১১০০০.	০% ০০.	১১০০০.	০% ০০.
মসুর ডালমানের (সাঃ)	প্রতি কেজি	৬৫০০.	৬৫০০.	% ০০.০	৬৫০০.	০% ০০.
খেসারী ডাল	প্রতি কেজি	৫০০০.	৫০০০.	০ % ০০.	৫২০০.	(-)% ৮৫.৩-
সরিষার তৈল উন্নত	প্রতি লিটার	১১৫.০০	১১৫.০০	০% ০০.	১১৫.০০	০% ০০.
সয়াবিন তেল	প্রতি লিঃ	৮৭.০০	৮৭.০০	০% ০০.	৮২.০০	৬(+)% ১০.

পাম অয়েল	প্রতি লিঃ	৭৫.০০	৭৫.০০	% ০০.০	৭৩.০০	২(+)% ৭৪.
পিঁয়াজ- দেশী	প্রতি কেজি	৪৮.০০	৫০.০০	- ৪(-)% ০০.	৫৬.০০	২৯.১৪-%(-)
পিঁয়াজ বিদেশী	প্রতি কেজি	৩৪.০০	৩৬.০০	- ৫(-)% ৫৬.	৪৬.০০	০৯.২৬-%(-)
রসুন দেশী	প্রতি কেজি	৮৫.০০	৯০.০০	(-)% ৫৬.৫-	৯০.০০	৫-.৫৬ (-)%
আদা-দেশীনতুন-	প্রতি কেজি	৭০.০০	৮০.০০	(-)% ৫০.১২-	৮০.০০	(-)%৫০.১২-
শুকনা মরিচ-দেশী	প্রতি কেজি	১২০.০০	১২০.০০	০% ০০.	১৩০.০০	(-)% ৬৯.৭-
চিনি	প্রতি কেজি	৫৬.০০	৫৬.০০	০% ০০.	৫৬.০০	০% ০০.
লবণ(এসিআই)	প্রতি কেজি	৩৮.০০	৩৮.০০	০ % ০০.	৩৮.০০	০.০০ %
আলু-হলান্ডলাল-	প্রতি কেজি	১৬.০০	১৬.০০	০% ০০.	১৮.০০	১১-.১১ %(-)
গরুর মাংস	প্রতি কেজি	৪৬৫.০০	৪৬৫.০০	০% ০০.	৪৬৫.০০	০% ০০.
ব্রয়লার মুরগী	প্রতি কেজি	১০০.০০	১১০.০০	- ৯(-)%০৯.	১৪০.০০	২৮-.৫৭ %(-)
ডিম (ফার্ম)	প্রতি হালি	২৭.০০	২৮.০০	- ৩(-)% ৫৭.	৩২.০০	১৫-.৬৩ %(-)

তিনি বলেন, গত এক সপ্তাহে সকল প্রকার চালের মূল্য বৃদ্ধি পেয়েছে। অপরদিকে দেশী/বিদেশী পিঁয়াজ, আদা, রসুন, ব্রয়লার মুরগী ও ফার্মের ডিমের মূল্য হ্রাস পেয়েছে। বাজারে চাহিদার তুলনায় সবজির সরবরাহ কম থাকায় অধিকাংশ সবজির মূল্য বেশী। সভায় আগত সদস্যগণ জানান যে, চালের মূল্য উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ক্রেতাদের চাল ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। সভায় চালের মূল্য ক্রয়সীমার মধ্যে রাখার উদ্যোগ গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়। জেলা মার্কেটিং অফিসার বলেন মিলারদের/আড়ৎদারদের সমন্বিত উদ্যোগে চালের মূল্য সহনীয় রাখা যায়। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি দিনাজপুর বলেন যে, ভারত বাংলাদেশে চাল রপ্তানি করবে না মর্মে পত্রিকায় ভুয়া খবরের কারণে চালের বাজার অস্থিতিশীল হয়। এছাড়াও ঢাকার মোহাম্মদপুর, বাবুবাজার, বাদামতলী অনেক আড়তে প্রচুর পরিমাণ চাল মজুদ আছে। তারা সিন্ডিকেট তৈরী করে দাম বাড়ায়। দিনাজপুরে এমনটি হয় না। তবে বর্তমানে চালের মূল্যের উর্ধ্বগতি থেমে গেছে। সভায় ওএমএস চালু হয়েছে জানিয়ে শীঘ্রই চালের মূল্য কমে যাবে মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়। সভায় চালের বাজার মনিটরিং করার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসারগণ এবং জেলা মার্কেটিং অফিসার দিনাজপুরকে অনুরোধ করা হয়। এছাড়াও অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ এর আলোকে বিধি লঙ্ঘনকারী ব্যবসায়ীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের কার্য ক্রম অব্যাহত রাখার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করা হয়।

সভায় নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য স্বাভাবিক রাখতে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

সিদ্ধান্ত:

১। অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ এর আলোকে বিধি লঙ্ঘনকারী ব্যবসায়ীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসার এবং বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণকে অনুরোধ করা হয়।

২। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য স্থিতিশীল রাখাসহ চালের বাজার নিয়মিত মনিটরিং করার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসারগণ এবং জেলা মার্কেটিং অফিসার দিনাজপুরকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৫/০৯/১৭
(মীর খায়রুল আলম)
জেলা প্রশাসক
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৬৫০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর।
(ব্যবসা-বাণিজ্য শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০১৮.০৩.০০১.১৭-৩২৬(২৫) তারিখ: ২৮ সেপ্টেম্বর, ২০১৭ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

২। যুগ্ম সচিব (আই আই টি-২), বাণিজ্য মন্ত্রণালয়, অবা-৩ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। পুলিশ সুপার, দিনাজপুর।

৪। সিভিল সার্জন, দিনাজপুর।

৫। কমান্ডিং অফিসার, ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন,কুটিবাড়ী, দিনাজপুর।

৬। ----------

৭। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক),দিনাজপুর।

৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।

৯। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), দিনাজপুর।

১০। সহকারী কমিশনার (ভূমি)----------(সকল), দিনাজপুর।

১১। জনাব .....

১২। অফিস কপি।

স্বাক্ষরিত-/
২৮১৭/৯/
(মোঃ গোলাম রাব্বী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
দিনাজপুর।
ফোন নং-০৫৩১-৬৫১০৫
adcgeneraldinajpur@gmail.com

পরিশিষ্ট' -ক'

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যৌক্তিক পর্য ায়ে রাখার লক্ষ্যে জেলা পর্য ায়ে গঠিত টাস্ক ফোর্স কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ।(জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

তারিখ: ১৭.০৯.২০১৭ খ্রি: সময়: সকাল-১০.৩০ টা।

ক্রমিক নং	সদস্যের নাম ও পদবী	উপস্থিতির স্বাক্ষর	সভায় উপস্থিত প্রতিনিধির নাম (পদবীসহ)
০১	ডা: মওলা বক্স চৌধুরী সিভিল সার্জন, দিনাজপুর।	স্বাক্ষরিত/-	
০২	কমান্ডিং অফিসার, ৪২ বর্ড ার গার্ড ব্যাটালিয়; কুটিবাড়ী, দিনাজপুর।	স্বাক্ষরিত/-	পক্ষে সুবেদার মোঃ মাইন উদ্দিন
০৩	জনাব মোঃ গোলাম রাব্বী অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বি ক), দিনাজপুর।	স্বাক্ষরিত/-	
০৪	জনাব শাহ ইমাম জাফর ছাদেক জেলা মৎস্য কর্ম কর্তা, দিনাজপুর।	স্বাক্ষরিত/-	
০৫	জনাব এস,এম কায়ছার আলী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর।	স্বাক্ষরিত/-	
০৬	জনাব ডা: মো: আবুল কালাম আজাদ জেলা প্রাণিসম্পদ কর্ম কর্তা, দিনাজপুর	স্বাক্ষরিত/-	
০৭	জনাব মোঃ রবিউল হাসান জেলা বাজার কর্ম কর্তা, দিনাজপুর	স্বাক্ষরিত/-	
০৮	জনাব রেজা হুমায়ুন ফারুক চৌধুরী শামীম সভাপতি, দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি	স্বাক্ষরিত/-	

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যৌক্তিক পর্য ায়ে রাখার লক্ষ্যে জেলা পর্য ায়ে গঠিত টাস্ক ফোর্স কমিটির সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ।(জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

ক্রনং :	সদস্যের নাম ও পদবী
০১	জনাব মোঃ হামিদুল আলমদিনাজপুর। ,পুলিশ সুপার ,
০২	সৈয়দ জাহাঙ্গীর আলমমেয়র ,, দিনাজপুর পৌরসভা।
০৩	জনাব মোঃ গোলাম মোস্তফা কৃষি ,পরিচালক-উপ,সম্প্রসারণ অধিদপ্তর।
০৪	জনাব মোহাম্মদ মোরশেদ উদ্দীন খানসহকারী কর ,- কমিশনার, দিনাজপুর সার্কেল-৮।
০৫	জনাব মোঃ আব্দুল আওয়াল সরকারবিভাগীয় বন কর্ম কর্ত,, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
০৬	উপ পরিচালকজেলা পরিসংখ্যান অফিস ,, দিনাজপুর।
০৭	সভাপতি, প্রেস ক্লাবদিনাজপুর। ,
০৮	সভাপতি, বার এসোসিয়েশনদিনাজপুর ,
০৯	জনাব মোঃ সাইদুর রহমান, সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় জামে মসজিদ, দিনাজপুর।
১০	জনাব রতন সিং, জেলা প্রতিবেদক, দৈনিক আজকের সময় পত্রিকা।